# বাংলাদেশ ব্যাংক স্কুল, সিলেট

**BANGLADESH BANK SCHOOL, SYLHET**

বাংলাদেশ ব্যাংক নিবাস

শাহজালাল উপশহর, সিলেট

স্থাপিত ঃ ১৯৯৯ খ্রিস্টাব্দ

ফোন ঃ ০৮২১-৭২২৪৪৩

EIIN: 130415

E-mail: bbssylhet@yahoo.com

School Code: 1105


## বাংলাদেশ ব্যাংক স্কুল, সিলেট

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ব্যাংক, সিলেট এর তত্ত্বাবধানে পরিচালিত বাংলাদেশ ব্যাংক স্কুল, সিলেট এর জন্য নিম্নবর্ণিত পদসমূহে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্রম | পদের নাম | শিক্ষাগত যোগ্যতা | বেতন স্কেল |
|---|---|---|---|
| ০১. | সহকারী শিক্ষক ইংরেজি (মাধ্যমিক শাখা) পদ সংখ্যা- ০১ | ১। যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ইংরেজিতে স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রী।<br>২। সকল পরীক্ষায় কমপক্ষে ২য় শ্রেণি অথবা সমমানের জিপিএ থাকতে হবে।<br>৩। শিক্ষকতা পেশায় অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। | জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী<br>বি.এডসহ: ৳১৬,০০০---৳৩৮,৬৪০ (গ্রেড- ১০)<br>বি.এড ব্যতিত: ৳১২,৫০০-৳৩০,২৩০ (গ্রেড - ১১) |
| ০২. | সহকারী শিক্ষক (প্রাথমিক শাখা) পদ সংখ্যা- ০২ | ১। যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম স্নাতক ডিগ্রী।<br>২। সকল পরীক্ষায় কমপক্ষে ২য় শ্রেণি অথবা সমমানের জিপিএ থাকতে হবে।<br>৩। শিক্ষকতা পেশায় অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। | জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী<br>৳১১,০০০- --- ৳২৬,৫৯০<br>(গ্রেড- ১৩) |
| ০৩. | অফিস সহকারী পদ সংখ্যা- ০১ | ১। যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ২য় শ্রেণি বা সমমানের জিপিএসহ ন্যূনতম স্নাতক ডিগ্রী।<br>২। আইসিটি/কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত ও অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। | জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী<br>৳৯,৩০০ ----- ৳২২,৪৯০<br>(গ্রেড-১৬) |

সুবিধাদি: মূল বেতনসহ সরকারি বিধি মোতাবেক বাড়ীভাড়া, চিকিৎসাভাতা, বছরে ০২টি উৎসব বোনাস, বৈশাখী ভাতা প্রদান করা হবে। ০২ (দুই) বছর সন্তোষজনক চাকুরীর পর কন্ট্রিবিউটরী প্রভিডেন্ট ফান্ডের সুবিধাদি প্রাপ্য হবেন।

### আবেদনের শর্তাবলী:

ক) নির্বাহী পরিচালক ও চেয়ারম্যান, স্কুল ম্যানেজিং কমিটি, বাংলাদেশ ব্যাংক স্কুল, সিলেট বরাবর আবেদন পত্র আগামী ৩০/০৭/২০২৩ তারিখ বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে প্রধান শিক্ষক, বাংলাদেশ ব্যাংক স্কুল, সিলেট এর কার্যালয়ে পৌছাতে হবে। খামের উপর পদের নাম ও মোবাইল নম্বর অবশ্যই উল্লেখ করতে হবে।

খ) আবেদনপত্রের সঙ্গে প্রার্থীর পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত (মোবাইল নম্বরসহ), সদ্য তোলা ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি, জাতীয় পরিচয়পত্র, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি, জাতীয় ও চারিত্রিক সনদপত্র জমা দিতে হবে।

গ) ০১/০৭/২০২৩ তারিখে আবেদনকারীর বয়স অনুর্ধ্ব ৩৫(পঁয়ত্রিশ)বছর।

ঘ) চাকুরীরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

ঙ) প্রধান শিক্ষক,বাংলাদেশ ব্যাংক স্কুল,সিলেট এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হতে ক্রমিক নং-০১ ও ০২ পদের জন্য ৫০০/- (পাঁচশত) টাকার এবং ক্রমিক নং-০৩ পদের জন্য ৩০০/-(তিনশত) টাকার পে-অর্ডার (অফেরৎ যোগ্য) আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

চ) নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদেরকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

ছ) কোন ধরণের সুপারিশ/তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

কর্তৃপক্ষ উপরোক্ত শর্তাবলীর কোন অংশ সংশোধন/সংযোজনসহ যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের অধিকার সংরক্ষণ করেন।

প্রধান শিক্ষক
বাংলাদেশ ব্যাংক স্কুল
শাহজালাল উপশহর, সিলেট